



বাংলাদেশ কিন্ডারগার্টেন ওনার্স এসোসিয়েশন

গভ: রেজি: নং ০৮২২৯

শাখা কার্যালয় : ৩৮/২- খ, তাজমহল মার্কেট (৩য় তলা) বাংলাবাজার, ঢাকা ১০০০।

ফোন : ৭১১৭৫২৩ অফিস মোবাইল : ০১৫৫২৪৪৪৯৩৬, ০১৭১৬৬১১৭৬২

Email: badalbkoa@gmail.com

বরাবর,

পরিচালক / অধ্যক্ষ,

বিষয় : কিন্ডারগার্টেন ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সরকারী নিবন্ধীকরণ প্রসঙ্গে।

জনাব,

আপনারা সবাই অবগত আছেন যে,সারাদেশে প্রতিষ্ঠিত সকল কিন্ডারগার্টেন ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানকে নিবন্ধিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ১৪/০৮/২০১১ তারিখে ২৬৩- আইন/ ২০১১ প্রজ্ঞাপন জারী করা হয়েছিল। কিন্তু প্রজ্ঞাপনটির কিছু ধারা কারো পক্ষেই পূরণ করে নিবন্ধন গ্রহণ করা সম্ভব ছিলনা। ফলে বাংলাদেশ কিন্ডারগার্টেন ওনার্স এসোসিয়েশনসহ অন্যান্য এসোসিয়েশন সমন্বয় সহজ শর্তে নিবন্ধনের দাবীতে বিভিন্নভাবে জোরদার আন্দোলন করা হয়। ফলে কিছুধারা সংশোধনের জন্য অতিরিক্ত সচিব মহোদয়কে আহবায়ক করে আমাদের সাথে সচিবালয়ের সভাকক্ষে চারটি সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভাসমূহে সর্বসম্মতিক্রমে যে সকল সংশোধনী প্রস্তাব গৃহীত হয় তারই আলোকে গত ২৯ আগস্ট, ২০১২ তারিখে এস, আর, ও নং ২৯৫- আইন/ ২০১২ প্রজ্ঞাপনটি জারি করা হয়েছে। এই প্রজ্ঞাপনটি কিন্ডারগার্টেন ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিবন্ধনের ক্ষেত্রে একটি ইতিবাচক পদক্ষেপ।

ইতোমধ্যে উল্লেখিত প্রজ্ঞাপনের আলোকে কিন্ডারগার্টেন ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিবন্ধনের জন্য ডি.ডি অফিস থেকে নির্দেশনা প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায় আবেদন পত্রটি (www.mopme.gov.bd) থেকে ডাউনলোড করে অথবা আমাদের শাখা অফিস থেকে আবেদন পত্রটি সংগ্রহ করে যথাযথাভাবে পূরণ করে আবেদন পত্র সরাসরি ডি.ডি (প্রাইমারী) অফিসে জমা দেয়ার জন্য পরামর্শ দেয়া গেল।

ধন্যবাদান্তে -

এম এইচ বাদল

মহাসচিব

বাংলাদেশ কিন্ডারগার্টেন ওনার্স এসোসিয়েশন

মোবাইল : ০১৫৫২৪৪৪৯৩৬, ০১৭১৬৬১১৭৬২